গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

ভিসা নীতিমালা (সংশোধিত)

তারিখঃ ০৪ এপ্রিল ২০০৭

নং-স্বঃমঃ (বহি-২)/পি-৭/২০০৬/৫১২

ভিসা নীতিমালার প্রয়োজনীয় উদ্ধৃতাংশ

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
১	২	৩	৪	৫
১	A	রাষ্ট্র প্রধান/ সরকার প্রধান/ মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী/ সংসদ সদস্য/ আঞ্চলিক পরিষদ সদস্য/ মেয়র/ এবং সমমর্যাদা সম্পন্ন ব্যক্তি এবং সফরসঙ্গী Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	সরকারী/ দাপ্তরিক দায়িত্ব পালন (Official duty)	Note Verbale এর ভিত্তিতে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় মেয়াদের জন্য প্রযোজ্য ভ্রমণ সুবিধাসহ ভিসা প্রদান করতে পারবে।
২	A1	সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা/ সরকারী প্রতিনিধি দলের সদস্য এবং সফরসঙ্গী Spouse ও নির্ভরশীল সন্তান।	সরকারী/ দাপ্তরিক দায়িত্ব পালন (Official duty)	(ক) Note Verbale/ ভ্রমণের উদ্দেশ্য সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রযোজ্য ভ্রমণ সুবিধা উল্লেখপূর্বক প্রয়োজনীয় মেয়াদের জন্য ভিসা প্রদান করতে পারবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ আয়োজক সংস্থার সুপারিশের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর প্রয়োজনীয় মেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
৩	A2	জাতিসংঘ ও তার অংগসংগঠন, আন্তর্জাতিক/ আঞ্চলিক সংস্থা/ অফিসে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী ।	চাকুরী/ দাপ্তরিক দায়িত্ব পালন	(ক) সংশ্লিষ্ট সংস্থার সুপারিশ ও আন্তর্জাতিক কনভেনশনে বর্ণিত শর্তাবলী অনুসারে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধায় পূর্ণকালীন মেয়াদে অথবা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসরের, যা কম হবে, ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার সুপারিশ ও আন্তর্জাতিক কনভেনশনে বর্ণিত শর্তাবলী অনুসারে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ নিয়োগের পূর্ণকালীন মেয়াদে বা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যা কম হবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে । এ ক্ষেত্রে স্পেশাল ব্রাঞ্চ-এর রিপোর্ট/ রেজিষ্ট্রেশন করা ও নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের শর্তটি প্রযোজ্য হবে না ।
৪	FA2	A2 শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য ।	A2 শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ A2 শ্রেণীতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট সংস্থার সুপারিশের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ A2 শ্রেণীতে আগতদের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
৫	A3	বাংলাদেশ সরকারের সাথে উন্নয়ন সহযোগী সংস্থার মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক/ বহুপাক্ষিক চুক্তির আওতায় প্রকল্পে নিয়োজিত বিশেষজ্ঞ/ পরামর্শক/ কর্মকর্তা-কর্মচারী/ শ্রমিক ।	চাকরী/ দাপ্তরিক দায়িত্ব পালন	(ক) বাংলাদেশ দূতাবাস বা মিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/ সরকারী সংস্থার সুপারিশের ভিত্তিতে বহুভ্রমণ সুবিধায় চাকুরীল পূর্ণকালীন মেয়াদে অথবা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসরের, যা কম হবে, ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/ সরকারী সংস্থার সুপারিশ, নিরাপত্তা ছাড়পত্র এবং সংস্থার সাথে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী বহিরার্গমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ নিয়োগের পূর্ণকালীন মেয়াদে বা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যা কম হবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
৬	FA3	A-3 শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	A3 শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) বাংলাদেশ দূতাবাস বা মিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার সুপারিশের ভিত্তিতে A3 শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসা প্রদান করবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সুপারিশ, পুলিশ বিশেষ শাখার অনুকূলে প্রতিবেদন এবং সংস্থার সাথে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী বহিরাগমন ও

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
				পাসপোর্ট অধিদপ্তর A3 শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসা প্রদান করবে।
৭	B	ব্যবসায়ী/ব্যবসায়ী প্রতিনিধি	ব্যবসা-বাণিজ্য	(ক) বিনিয়োগের সম্ভাব্যতা যাচাই/ব্যবসা-বাণিজ্যের প্রয়োজনে আগমনকারীর অনুকুলে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত (Recognized) ব্যবসায়ী সমিতি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র অথবা বাংলাদেশে অবস্থিত স্থানীয় স্পন্সরের সুপারিশ ও তার ব্যবসা প্রতিষ্ঠানের যথার্থতা ইত্যাদি বিবেচনা করে প্রকৃত ব্যবসায়ী মর্মে সন্তষ্ট হয়ে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংখ্যক ভ্রমণ সুবিধাসহ সর্ব্বোচ্চ ০৬ (ছয়) মাসের ভিসা প্রদান করতে পারবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর স্থানীয় স্পন্সরের সুপারিশ ও অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে প্রতিভ্রমণে প্রয়োজনীয় সংখ্যক ভ্রমণ সুবিধাসহ ০৬ (ছয়) মাসের অবস্থান শর্ত ৩ (তিন) বছর মেয়াদে ভিসা বৃদ্ধি করিতে পারিবে। তবে এ শ্রেণীতে আগতদের প্রার্থিত ভিসা বৃদ্ধির মেয়াদ আগমনের তারিখ হতে ০৬ (চয়) মাস বা তার কম হলে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না। ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত কাজে একাধিকবার বাংলাদেশে আগমন করিলে যথাযথ নিয়মকানুন মোতাবেক ব্যবসা/ বাণিজ্যের কাজ সম্পাদন করিয়াছেন মর্মে প্রমানপত্র/ প্রত্যয়নপত্র থাকিলে তা লিপিবদ্ধ করতঃ একই শর্তে ০৫ (পাঁচ) বৎসর পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করা যাইবে।
৮	C	বিমান /জাহাজ/ অন্যান্য পরিবহন খাতে নিয়োজিত আন্তর্জাতিক রুটে চলাচলকারী ক্রু	পেশাগত দায়িত্ব পালন	(ক) নিয়োগকারী কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমন সুবিধাসহ সর্ব্বোর্চ ০৩(তিন) বৎসরের ভিসা প্রদান করতে পারবে। জাহাজের ক্রুদের ক্ষেত্রে প্রতি দফায় সর্ব্বোচ ০১ (এক) মাস ও অন্যান্য ক্ষেত্রে ক্রুদের প্রতিদফায় সর্ব্বোচ ০৭ (সাত) দিন অবস্থানের শর্ত প্রযোজ্য থাকবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে প্রয়োজন অনুসারে বহিরাগমন ও পাসর্পোটি অধিদপ্তর একই শর্তে আরও তিন বছর পযর্ন্ত বহুভ্রমন সুবিধায় ভিসার মেয়াদ বুদ্ধি করতে পারবে।
৯	D	রাষ্ট্রদূত/কূটনীতিক/কনস্যুলার অফিসার	দাপ্তরিক দায়িত্ব পালন	NOTE VERBALE এর ভিত্তিতে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
		এবং সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং তাদের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য		প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় মেয়াদের জন্য প্রযোজ্য ভ্রমন সুবিধসহ ভিসা প্রদান করতে পারবে। ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে পররাষ্ট্র মন্ত্রণালয়/বহিরাগমন ও পাসর্পোট অধিদপ্তর বহুভ্রমন সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বুদ্ধি করতে পারবে।
১০	ND	A, A2 এবং D শ্রেণী ভূক্তদের ব্যক্তিগত ষ্টাফ এবং Non-diplomatic staff এবং তাদের ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	A, A2, এবং D শ্রেণীতে আগতের সফরসংগী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) NOTE VERBALE/ ভ্রমণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কাগজ পত্র পরীক্ষান্তে এবং প্রযোজ্য ক্ষেত্রে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকরী কর্তৃপক্ষ প্রযোজ্য ভ্রমণ সুবিধাসহ প্রয়োজনীয় মেয়াদের জন্য ভিসা প্রদান করতে পারবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বহিরাগমন ও পাসর্পেট সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বৃদ্ধি করতে পারবে।
১১	DA	A, A2 এবং D শ্রেণীতে আগতের DOMESTIC AID	A, A2 এবং D শ্রেণীতে আগতের সফরসংগী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) NOTE VERBALE / ভ্রমণের উদ্দেশ্য সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে এবং প্রযোজ্য ক্ষেত্রে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রযোজ্য ভ্রমণ সুবিধা উল্লেকপূর্বক প্রয়োজনীয় মেয়াদের জন্য ভিসা প্রদান করতে পারবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বহিরাগমন ও পাসর্পেট অধিদপ্তরে আবেদন করতে হবে এবং পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বৃদ্ধি করতে পারবে।
১২	E	(ক) সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/প্রকল্পে এবং সমশ্রেণীর প্রতিষ্ঠারে নিয়োজিত বিশেষজ্ঞ/ পরামর্শক/ চাকুরিজীবী/ ব্যক্তি (খ) দেশী/বিদেশী সরকারী/ বেসরকারী/ লিয়াঁজো/ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং সমশ্রেণীর প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত/ নিয়োজিত চাকুরিজীবী/ ব্যক্তি (গ) দেশী/বিদেশী সরকারী/ বেসরকারী	চাকুরি/সেবা প্রদান	(ক) প্রতিটি ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যথাযথভাবে নিয়োগ দেয়া হয়েছে মর্মে মন্ত্রণালয়/বিনিয়োগ বোর্ড/বেপজা কর্তৃক প্রত্যয়নপত্র, নিয়োগপত্র এবং নিয়োগকারী প্রতিষ্ঠানের যথার্থতা ইত্যাদি পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ৩ (তিন) মাসের ভিসা প্রদান করতে পারবে। E-শ্রেণীর ভিসার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/বিনিয়োগ বোর্ড/বেপজা কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র থাকলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতির প্রয়োজন হবে না। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে নিয়োগকারী প্রতিষ্ঠানের সুপারিশ, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ কার্যানুমতির পূর্ণকালীন মেয়াদে বৃদ্ধি করতে পারবে। দ্বিতীয় দফায় ভিসার মেয়াদ বৃদ্ধির আবেদন করলে সন্তোষজনক আবেদনের ভিত্তিতে বহিরাগনম ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ কার্যানুমতি

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
		ঠিকাদারী এবং সমশ্রেণীর প্রতিষ্ঠানে নিয়োজিত চাকুরিজীবী/ব্যক্তি		পূর্ণকালীন মেয়াদে অথবা ০৩ (তিন) বৎসর, যা কম হবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে । (গ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে একই পেশায় তিন বছরের অধিক সময়ে কর্মরত থাকার কারনে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক কার্যানুমতি নবায়ন করা হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতির প্রয়োজন হবে না । বেপজা/বিনিয়োগ বোর্ড/এনজিও বিষয়ক ব্যুরো কার্যানুমতি নবায়নের সময় একই পেশায় চাকুরী করার উপযুক্ততা, কর্মদক্ষতা, নিরাপত্তা ছাড়পত্র, আয়কর পরিশোধ সম্পর্কিত সনদ প্রভৃতি বিষয়গুলো পরীক্ষা-নিরীক্ষা করবে ।
১৩	FE	E শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	E শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণীতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
১৪	E1	যন্ত্রপাতি এবং সফটওয়্যার সরবরাহ/ স্থাপন/ রক্ষণাবেক্ষণ/ তত্ত্বাবধান/ প্রকল্প পরিদর্শন এবং এ জাতীয় কাজে আগত বিদেশী ও তার Spouse/পরিবারের সদস্যদের ভিসা প্রদান (EI ও FEI শ্রেণী) FEI শ্রেণী (নতুন)	যন্ত্রপাতি এবং সফটওয়্যার সররবরাহ/ স্থাপন / রক্ষণাবেক্ষণ/ প্রশিক্ষণ/ তত্ত্বাবধান/প্রকল্প পরিদর্শন ইত্যাদি	(১) EI-শ্রেণীতে আগত বিদেশীদের ভিসা প্রদানে বর্তমানে ভিসানীতির শর্তাবলী নিম্নরূপভাবে সংশোধিত ও প্রতিস্থাপিত হবেঃ "(ক) আমন্ত্রণশারী/আমদানীকারক প্রতিষ্ঠানে যন্ত্রপাতি/সফটওয়্যার স্থাপনের জন্য বর্ণিত বিদেশী ব্যক্তিদের আগমন প্রয়োজন মর্মে BOI/BEPZA সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সুপারিশ, স্থানীয় স্পন্সরের আমন্ত্রণপত্র, আমন্ত্রণকারী/আমদানীকারক প্রতিষ্ঠানের যথার্থতা, যন্ত্রপাতি/সফটওয়্যার প্রেরণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট দেশীয় প্রতিষ্ঠানের সম্পাদিত চুক্তিপত্র, ইত্যাদি বিবেচনা করে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রতি ভ্রমণে ০১(এক) মাসের অবস্থান শর্তে বহুভ্রমনসহ সর্বোচ্চ ০৬(ছয়) মাস পর্যন্ত ভিসা প্রদান করতে পারবে । (খ) তবে অনিবার্যকারণে বাংলাদেশে অবস্থান দীর্ঘায়িত করার প্রয়োজন হলে সেক্ষেত্রে স্থানীয় প্রতিষ্ঠানের প্রত্যয়ন এবং প্রাসঙ্গিক কাগজপত্র বিবেচনা করে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ ১(এক) মাস বৃদ্ধি করতে পারবে । এর অতিরিক্ত সময়ের জন্য ভিসার মেয়াদ বৃদ্ধির করতে হলে স্থানীয় প্রতিষ্ঠানের সুপারিশ, যথাযথ কর্তৃপক্ষের কার্যানুমতির এবং অনুকুলে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে । বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কার্যানুমতির মেয়াদকাল পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।" (২) EI-শ্রেণীতে আগত বিদেশীদের Spouse বা পরিবারের সদস্যদের জন্য বর্তমানে ভিসা

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
				নীতিমালায় নতুন ভিসা FEI শ্রেণী অন্তর্ভুক্ত করতে হবে এবং ভিসা প্রদানে নিম্নরূপ শর্তাবলী আরোপিত হবেঃ (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ EI-শ্রেণীতে আগত ব্যক্তির সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে। (খ) EI-শ্রেণীতে আগত ব্যক্তির ভিসার মেয়াদ বৃদ্ধি করা হলে FEI শ্রেণীতে আগত ব্যক্তি/ব্যক্তিবর্গের ভিসার মেয়াদ সমমেয়াদে বৃদ্ধি করা যাবে।
১৫	J	বিদেশী পত্রিকা/ সংবাদপত্র / বেতার / টিভি/ বার্তা সংস্থা/ স্যাটেলাইট মিডিয়া ইত্যাদিতে আগত সাংবাদিক / মিডিয়া প্রতিনিধি / বা ফ্রি ল্যান্স সাংবাদিক প্রভৃতি	পেশাগত দায়িত্ব পালন	(ক) এককালীন সল্পমেয়াদে বিশেষ কোন দায়িত্ব পালনের উদ্দেশ্যে আগমনেচ্ছু বিদেশী পত্রিকা বা মিডিয়ার প্রতিনিধি বা সাংবাদিকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃ প্রচার অনুবিভাগ এর অনাপত্তি সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যক্তিকে সর্বোচ্চ ১ (এক) মাসের ভিসা প্রদান করিতে পারিবে। (খ) বার্তা সংস্থা / স্যাটেলাইট মিডিয়া/ পত্রিকা ইত্যাদিতে চাকুরির ক্ষেত্রে নিয়োগ/ পদায়ন সংক্রান্ত কাগজ পত্রাদি পরীক্ষান্তে এবং পররাষ্ট মন্ত্রণালয়ের বহিঃ প্রচার অনুবিভাগ এর সুপারিশ ক্রমে সংশ্লিষ্ট বাংলাদেশ দুতাবাস/ মিশন ০৩ (তিন) টি ভ্রমন সুবিধায় সর্ব্বোর্চ ০৩ (তিন) মাসের ভিসা প্রদান করতে পারবে। (গ) এরূপ ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগ এর সুপারিশ, BOI এর কার্যানুমতি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে কার্যানুমতির মেয়াদ অথবা ০৩ (তিন) বছর, যা কম হবে, বহুভ্রমন সুবিধায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।
১৬	FJ	J শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	J শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন হলে	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ J শ্রেণীতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকুল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমন সহ J শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
১৭	M	মিশনারীবৃন্দ / ধর্মগুরু	সেবা প্রদান	(ক) বাংলাদেশস্থ সংশ্লিষ্ট ধর্মীয় মিশন / প্রতিষ্ঠান প্রদত্ত সুপারিশ/ নিয়োগপত্র ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মতি সাপেক্ষে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমন সুবিধায় সর্ব্বোচ ০৬ (ছয়) মাসের ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট ধর্মীয় মিশন / প্রতিষ্ঠান প্রদত্ত সুপারিশ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মতি এবং নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর প্রতি ০১ (এক) বছরের বহু ভ্রমন সুবিধাসহ ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে। তবে ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কার্যানুমতির প্রয়োজন হবে না ।
১৮	FM	M শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	M শ্রেনীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেনীতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূলে প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমন সহ উক্ত শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
১৯	N	নিবন্ধনভূক্ত এনজিও তে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি	চাকুরি / সেবা প্রদান	(ক) সংশ্লিষ্ট এনজিওতে নিয়োগ সংক্রান্তে এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক সংশ্লিষ্ট এনজিও তে যথাযথভাবে নিয়োগ দেয়া হয়েছে মর্মে প্রত্যায়নপত্র, নিয়োগপত্র, ইত্যাদি পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহু ভ্রমন সুবিধাসহ প্রাথমিকভাবে সর্ব্বোচ ০৩ (তিন) মাসের ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে এনজিও ব্যুরোর কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কার্যানুমতির মেয়াদকাল পর্যন্ত বহুভ্রমন সহ ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
২০	FN	N শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	N-শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে ।	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণীতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূলে প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমনসহ উক্ত শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
২১	P	ক্রীড়া সংগঠন / খেলোয়াড়/ কোচ / সাংস্কৃতিক দলের সদস্য / শিল্পী / সাহিত্যিক এবং সমপর্যায়ভুক্ত ব্যক্তি	পেশাগত দায়িত্ব পালন/ চাকুরি	(ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সম্মতির ভিত্তিতে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহু ভ্রমন সুবিধায় সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমন সুবিধায় কার্যানুমতির মেয়াদকাল অথবা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর, যা কম হবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
২২	FP	P শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	P শ্রেণীতে আগতের সাথে অবস্থানের জন্য সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণীতে আগমনের সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূলে প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমন সহ উক্ত শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
২৩	P1	বেসরকারী খাতে যৌথ উদ্যোগ বা সম্পূর্ণ বিদেশী বিনিয়োগে স্থাপিত/স্থাপিতব্য শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে বিদেশী পূঁজি বিনিয়োগকারী	বিনিয়োগ/ স্থাপিত ব্যবসা/ বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিচালনা	(ক) বাংলাদেশের বেসরকারীখাতে এককভাবে বা যৌথ উদ্যোগে বা সম্পূর্ণ বিদেশী বিনিয়োগে স্থাপিত শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ভিসা প্রার্থী একজন প্রকৃত বিনিয়োগকারী মর্মে বিনিয়োগ বোর্ড (BOI)/বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (BEPZA) (প্রযোজ্য ক্ষেত্রে)এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ০১ (এক) বৎসর ভিসা প্রদান করতে পারবে । (খ) বিনিয়োগের স্বপক্ষে কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ এবং বাংলাদেশে বিনিয়োগ অব্যাহত আছে মর্মে বিনিয়োগ বোর্ড/বেপজা এর প্রত্যয়ন পত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন/দূতাবাস অথবা বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সর্বোচ্চ ৫(পাঁচ) বৎসরের বহুভ্রমণ ভিসা প্রদান করতে পারবে । তবে বিনিয়োগকারী তাঁর প্রতিষ্ঠানে কর্মরত হলে কর্মানুমতির প্রয়োজন হবে । (গ) বাংলাদেশে কোন ভারী শিল্পে অথবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায়ে কমপক্ষে ৫(পাঁচ) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন এবং বর্তমানে বিনিয়োগ অব্যাহত আছে মর্মে বিনিয়োগ বোর্ড/বেপজা কর্তৃক প্রত্যয়ন পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর উক্ত বিদেশী বিনিয়োগকারীকে "No Visa Required (NVR)" এর সুবিধা প্রদান করবে ।

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
২৪	FPI	PI শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	PI শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ PI শ্রেণীতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমনসহ PI শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
২৫	R	সরকার অনুমোদিত যে কোন সংস্থা/ প্রতিষ্ঠানে গবেষনা / প্রশিক্ষণ / ইন্টার্ণশীপ-এ অংশ গ্রহণকারী	গবেষনা / প্রশিক্ষন / ইন্টর্ণশীপ ইত্যাদি	(ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সম্মতির ভিত্তিতে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমনসহ সর্বোচ ০৩ (তিন) মাসের ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশের বিশেষ শাখা এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের অনুকূলে প্রতিবেদনের ভিত্তিতে কার্যক্রমের মেয়াদ কাল অথবা ৩ (তিন) বছর, যাহা কম হবে, পর্যন্ত বহুভ্রমণ ভিসা প্রদান করিতে পারবে ।
২৬	FR	R শ্রেণীতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য	R শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ R শ্রেণীতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান বৃদ্ধি করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূলে প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসর্পোটি অধিদপ্তর বহুভ্রমন সহ R শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
২৭	S	সরকারের অনুমোদন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত/ গবেষণারত/ ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী/ গবেষক	অধ্যয়ন / গবেষনা	(ক) বাংলাদেশে অবস্থিত সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে অথবা ভর্তি হবে মর্মে প্রমানিক কাগজপত্র,স্পনসরনশীপ ও ব্যাংক গ্যারন্টি পরীক্ষান্তে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে প্রাথমিকভাবে সর্বোচ্চ ০১ (এক) বছরের জন্য বহুভ্রমন ভিসা প্রদান করতে পারবে । এছাড়া কারাইল মাদ্রাসায় শুধুমাত্র হেফাজখানায় শিক্ষাগ্রহণের উদ্দেশ্যে অধ্যায়নরত/ভির্তিচ্ছুক বিদেশী তাবলীগ সাথীদের অনুর্ধ্ব ১৫ বছর বয়সী সন্তান/পোষ্যদেরকে বাংরাদেশস্থ তাবরীগ মারকাজের লিখিত সুপারিশ/ প্রত্যায়নপত্রের

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
				ভিত্তিতে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রাথমিকভাবে সর্বোচ্চ ০১ (এক) বছরের ভিসা প্রদান করতে পারবে। বাংলাদেশে আগমনের ১৫ দিনের মধ্যে ভিসা গ্রহনকারীদের নিকটস্থ থানায়/এসবিতে তাদের নাম বাধ্যতামূলক রেজিস্ট্রেশনভুক্ত করতে হবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সুপারিশ,স্পনসরশীপ, এদেশে চাকুরীরত নয় মর্মে প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র এবং পুলিশ বিশষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষাক্রম/ইন্টার্ণশীপের পূর্নকালীন মেয়াদে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমন ভিসা পদ্রান করতে পারবে। এছাড়া কাকরাইল মাদ্রসায় হেফজখনায় অধ্যায়নরত/পোষ্যরা এদেশে চাকুরীরত নয় এ মর্মে তাবলীগ মরকাজের প্রত্যয়নপত্র এবং পুলিশ বিশেষ শাখা ও গোয়েন্দা সংস্থাসমূহের অনূকূল প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষাক্রমের মেয়াদ অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্দি করতে পারবে। তবে কোন অবস্থাতে অধ্যায়নকালীন তাদের বয়স ১৮ বছর অতিক্রান্ত হলে তাদের ভিসার মেয়াদ বৃদ্ধি করা হবে না।
২৮	FS	S শ্রেণীতে আগতের Spouse ও নির্ভরশীল	S শ্রেণীতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে	(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণীতে আগতের সসমেয়াদী ভিসা প্রদান করতে পারবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপের্টি অধিদপ্তর বহুভ্রমনসহ উক্ত শ্রেণীতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।
২৯	T	(ক) বাংলাদেশের সাথে কূটনৈতিক সম্পর্ক আছে এরূপ দেশের যে কোন ব্যক্তি (খ) বেসরকারী পর্যায়ে আয়োজিত সেমিনার/ কর্মশালা/ শিক্ষাসফরে আগত ব্যক্তি	ভ্রমণ/ পর্যটন/ আত্মীয়-স্বজনের সাথে সাক্ষৎ/ধর্মীয় কারণ/ বেসরকারী সেমিনার/ কর্মশালা /শিক্ষা সফর ইত্যাদি	(ক) সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ সর্বোচ্চ ৩(তিন) মাসের ভিসা প্রদান করতে পারবে। (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ০১ (এক) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে। (গ) কেবলমাত্র ধর্মীয় কারণে T-শ্রেণীতে আগত কোন বিদেশীর ভিসার মেয়াদ বৃদ্ধিও প্রয়োজন হলে অনুকুল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সর্বোচ্চ ৩(তিন) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।
৩০				

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
	TI	তাবলীগ জামাতে অংশ গ্রহনের জন্য আগত ব্যক্তি	ধর্মীয় কারন	(ক) তাবলীগ জামাতে আগতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের কেন্দ্রীয় তাবলীগ মারকাজের / তাবলীগ জামাতের সুপারিশ বিবেচনা করে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ কোন ভ্রমন সুবিধা ব্যতীত সর্ব্বোর্চ ১৩০ (একশত ত্রিশ) দিনের ভিসা প্রদান করতে পারবে । (খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বাংলাদেশস্থ তাবলিগ মারকাজ/ কেন্দ্রীয় তাবলীগ জমাতের সুপারিশ ও পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কোন ভ্রমন সুবিধা ব্যতীত আগমনের তারিখ হতে সর্ব্বোচ ১৫০ (একশত পঞ্চাশ) দিন পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
৩১	TF	(ক) বাংলাদেশী নাগরিকের বিদেশী Spouse ও সন্তান (খ) বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক এবং তার Spouse ও সন্তান	বাংলাদেশে অবস্থান ও ভ্রমন	(ক) বাংলাদেশী নাগরিকের নাগরিকত্ব প্রমানপত্র এবং বাংলাদেশী নাগরিক কর্তৃক Spouse / সন্তান সম্পর্কে প্রদত্ত হলফনামা এবং বিবাহ সনদের ভিত্তিতে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বাংলাদেশী নাগরিকের বিদেশী স্ত্রী/ স্বামী ও সন্তানকে বহুভ্রমন সুবিধায় সর্ব্বোর্চ ১ (এক) বছরের ভিসা প্রদান করতে পারবে । (খ) অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসর্পোট অধিদপ্তর বহুভ্রমন সুবিধায় সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।
৩২	TR	ট্রানজিট	ট্রানজিট	তৃতীয় কোন দেশে কর্মরত মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের সুপারিশ ও নিশ্চিত টিকিটের ভিত্তিতে নিজ সন্তুষ্টিক্রমে নিয়োগকালীন মেয়াদ বা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যা কম হবে, বহু ভ্রমণ ট্রানজিট ভিসা প্রদান করতে পারবে । তবে এই ভিসার ক্ষেত্রে প্রতি দফায় অবস্থানের মেয়াদ সর্বোচ্চ ৭২ (বাহাত্তর) ঘন্টায় সীমিত থাকবে ।
৩৩	W	Work and Holiday, Development ও Volunteers programme এবং এ জাতীয় দ্বিপাক্ষিক/ বহুপাক্ষিক চুক্তির আওতায়	চুক্তির আওতায়	চুক্তির শর্তাবলী অনুযায়ী সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহু ভ্রমণ সুবিধায় চুক্তির পূর্ণ মেয়াদে ভিসা প্রদান করতে পারবে। চুক্তিতে ভিসার মেয়াদ উল্লেখ না থাকলে চুক্তির শর্ত ও সংশ্লিষ্ট দেশের যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ অনুযায়ী এক বৎসরের বহু ভ্রমণ ভিসা প্রদান করা যাবে। ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে

ক্রঃ নং	ভিসা শ্রেণী	কে/ কারা পাওয়ার যোগ্য	আগমন/ভ্রমণ এর উদ্দেশ্য	ভিসা ইস্যু/ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী
		আগত এবং তাঁদের ও নির্ভরশীল সন্তান		বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহু ভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে ।

অবশ্যপালনীয় শর্তাবলী ঃ

১। ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বলতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন এবং প্রযোজ্য ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়কে বুঝাবে।

২। সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ সকল ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সম্পূর্ন সন্তুষ্টিক্রমে তা যথাযথভাবে লিপিবদ্ধ করতঃ নিজ দায়িত্বে ভিসা প্রদান করবে। তবে প্রয়োজনবোধে ভিসা প্রদানের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহন করতে হবে।

৩। যে সব দেশ/ সংস্থার সংগে ভিসা চুক্তি রয়েছে সেসব দেশের ক্ষেত্রে ভিসা প্রদান পদ্ধতি চুক্তি অনূসারে এবং অন্যান্য দেশের ক্ষেত্রে রেসিপ্রোসিটি নীতি অনুসরণ করা হবে। অর্থাৎ নীতিমালা জারীর পূর্বে যে সকল দেশের সাথে রেসিপ্রোসিটি নীতি অনুযায়ী ভিসা করা হত তা অপরিবর্তিত থাকবে এবং এ নীতি অনুযায়ী আমেরিকানসহ অন্যান্য দেশের নাগরিকদের ভিসা প্রদান অব্যাহত থাকবে।

৪। A-2 শ্রেণীতে জাতিসংঘ ও তার অংগসংগঠন বলতে WHO, UNDP, FAO, UNFPA, ILO, UNICEF, UNESCO, IME, WORLD BANK, WFP, IDB ইত্যাদি এবং আর্ন্তজাতিক ও আঞ্চলিক সংস্থা বলতে USAID, JICA, JBIC, DFID, CIDA, SIDA, DANIDA, PEACE, CORPS, NORAD, FINNIDA, ICDDRB, ADB, RED CROSS/ RED CRESENT এবং সমশ্রেণীর অন্যান্য সংস্থাকে বুঝাবে।

৫। ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ ভিসা প্রদানের সময় বর্ণিত শ্রেণী বিন্যাস অনুযায়ী ভিসার শ্রেণী ও নম্বর উল্লেখ্য করবে। যেমন ঃ VISA NO CONS/49 (E) 06 (প্রযোজ্য শ্রেণী বিন্যাসের চিহ্ন E) তারিখঃ-৩১ জানুয়ারী ২০০৫ ইং (DAY/MONTH/YEAR) তবে কম্পিউটার প্রোগ্রামভিত্তিক ভিসা ইস্যু পদ্ধতি শুরু হলে প্রোগ্রাম কোড অনুযায়ী ভিসা নম্বর উল্লেখ্য করতে হবে।

৬। ভিসা প্রদানকারী কর্তৃপক্ষকে (সংশ্লিষ্ট দূতাবাস) ভিসা প্রদানের সময় পাসপোর্টে নিম্ন বর্ণিত শর্তসমূহ উল্লেখ্য করতে হবেঃ

(ক) A1, A2, FA3, B, C, FE, FJ, M, FM, FN, FP, FPI, R, FR, S, FS, T, TF, T1 শ্রেণীর ভিসা প্রদানকালে ভিসা প্রার্থীর পাসপোর্টে " Employment in Bangladesh paid or unpaid prohibited " সীল প্রদান করতে হবে।

(খ) চাকুরী/কাজ করার উদ্দেশ্যে আগতদের ভিসা প্রদানের সময় "please apply for work permit to BOI/BEPZA/NGO/Affairs Bureau within 15 days of first into Bangladesh" সীল প্রদান করতে হবে।

৭। ইউরোপ, যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, জাপান, চীন ও হংকং থেকে ব্যবসায়-বাণিজ্য ও বিনিয়োগ এর উদ্দেশ্যে আগতদের রেজিষ্ট্রেশন হতে অব্যাহতি দিতে হবে। উক্ত দেশ সমূহ ব্যতিত অন্যান্য দেশ হতে আগতদের ৯০ দিন বা ৯০ দিনের অধিক ভিসা নিয়ে বিমানযোগে বাংলাদেশে আগমন করলে তাদের Special Branch (SB)/District Special Branch (DSB) City Special Branch (CSB) of Bangladesh Police এর কার্যালয়ের পরিবর্তে বিমান বন্দরসমূহে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে। স্থল বন্দর দিয়ে আগতদের নিকটস্থ DSB/CSB হতে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে।

৮। রেজিস্ট্রেশন থেকে অব্যাহতি প্রাপ্ত দেশ এবং Registration of (Exemption) Order, 1966 আওতায় Registration হতে অব্যাহতি প্রাপ্তগণ ব্যতীত অন্যান্য দেশ হতে ৯০ দিনের কম মেয়াদে অবস্থানের লক্ষ্যে ভিসা নিয়ে আগতদের ভিসার মেয়াদ বৃদ্ধির বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর "Please report to respective SB/DSB / CSB office within 7 days of extension visa" সম্পর্কিত সীল প্রদান নিশ্চিত করতে হবে।

৯। কার্যানুমতি প্রাপ্তির পর নিরাপত্তা ছাড়পত্র প্রদান প্রক্রিয়াধীন আছে মর্মে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রত্যয়নের ভিত্তিতে মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিজ সন্তুষ্টিক্রমে কার্যানুমতির মেয়াদ অথবা ৬ (ছয়) মাস মেয়াদে (যা কম হবে) বহু ভ্রমনসহ ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে। তবে বিরূপ প্রতিবেদনে পাওয়া গেলে ভিসা বাতিল পূর্বক দেশ ত্যাগের নিদের্শ দিতে হবে।

১০। যে সকল ভিসা প্রার্থীর কার্যানুমতি এবং / অথবা নিরাপত্তা ছাড়পত্র প্রক্রিয়াধীন আছে তাদের ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিজ সন্তুষ্টি ক্রমে পুনঃ প্রবশ সুবিধাসহ সর্বোচ্চ ০৩ (তিন) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

১১। ভিসার মেয়াদ উর্ত্তীন পূর্বে মেয়াদ বৃদ্ধির আবেদন করতে হবে। ভিসার মেয়াদ উত্তীণের পরে আবেদন করলে অতিবাসের (over–stay) জন্য জরিমানা আরোপযোগ্য হবে।

১২। কোন বিদেশী বাংলাদেশে প্রবেশের পর ভিসা শ্রেণী পরিবর্তন করতে পারবে না তবে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ অসাবধানতাবশতঃ ভুল শ্রেণীর ভিসা প্রদান করলে তার উপযুক্ত প্রমান যাচাই সাপেক্ষে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতিক্রমে বিনা ফিতে শ্রেণী পরিবর্তন করতে পারবে।

১৩। পুরাতন পাসপোর্ট বৈধ ভিসা নতুন পাসপোর্ট স্থানান্তর করা যাবে।

১৪। নীতিমালায় বর্ণিত কোন শর্ত শিথিলের অথবা নীতিমালায় বর্ণিত সর্ব্বোচ মেয়াদের অতিরিক্ত ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

১৫। এই নীতিমালার যে কোন বিষয়ের উপর মতামত/ স্পষ্টিকরন / নির্দেশনা প্রয়োজন হলে তাতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুশাসন প্রযোজ্য হবে।

১৬। নীতি মালায় উল্লেখিত ক্যাটাগরি ব্যতীত অন্য কোন ক্যাটাগরিতে ভিসা প্রদান করা যাবে না । তবে এরূপ অবস্থা যদি সৃষ্টি হয় যে, ভিসা প্রার্থীকে নীতিমালায় উল্লেখিত কোন ক্যাটাগরির ভিসা প্রদান করা যাচ্ছে না সেক্ষে তাকে ' টি' শ্রেণীতে ভিসা প্রদান করা যাবে।

১৭। স্বল্প মেয়াদী (তিন মাসের কম) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হলে পুলিশের বিশেষ শাখা ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে প্রতিবেদন দিবে এবং অন্যান্য ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন দিবে। যদি নির্ধারিত সময়ের মধ্যে পুলিশ প্রতিবেদন পাওয়া না যায় তবে ৭(সাত) দিনের সময় দিয়ে তাগিদ দিতে

১৮। পুলিশ বিশেষ শাখার প্রতিবেদন আবেদন প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে মতামত প্রদান করবে। উক্ত সময়ের মধ্যে মতামত পাওয়া না গেলে আরও ৭ (সাত) কার্য দিবস পর্যন্ত সময় বৃদ্ধি করা যাবে। তবে বর্ধিত সময়ের মধ্যে ও মতামত পাওয়া না গেলে কোন আপত্তি নেই মর্মে ধরেে নেয়া হবে। ভিসা প্রার্থীর ভ্রমনের যথার্থতা

বিবেচনা করে আবেদনপত্র দাখিলের সময়ে প্রয়োজনে স্বল্প মেয়াদে (অনুর্ধ্ব তিন মাস) ভিসা প্রদান করতে পারবে। তবে ১৫ (পনের) বৎসরের কম বয়সী সন্তানদের ক্ষেত্রে পুলিশ বিশেষ শাখার মতামত গ্রহণ করা প্রয়োজন হবে না।

১৯। সামরিক বাহিনীতে কর্মরত সামরিক/বেসামরিক বিদেশী ব্যক্তিবর্গ এবং সামরিক বাহিনীতে প্রশিক্ষণে আগত ব্যক্তিবর্গের কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্র বলতে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগ (AFD) এর সুপারিশপত্র বুঝাবে। সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/মিশন সশস্ত্র বাহিনী বিভাগ (AFD) এর সুপারিশক্রমে এ সকল ব্যক্তিবর্গ এবং তাদের পরিবারের নির্ভরশীল সদস্যদেরকে প্রশিক্ষণ/কর্মের পূর্ণ নিয়োগকালসহ অতিরিক্ত ১ (এক) মাস পর্যন্ত বহুভ্রমণ সুবিধায় ভিসা প্রদান করতে পারবে।

২০। নিয়োগকারী প্রতিনিধি ব্যবসায়িক কাজে স্বল্প মেয়াদে বাংলাদেশে আগমন করতে চাইলে তাকে B শ্রেণীতে বর্ণিত শর্তাবলির আলোকে এবং চাকুরী নিয়ে বিনিয়োগকারী প্রতিষ্টানে যোগদানের উদ্দেশ্যে ভ্রমণ করতে চাইলে তাকে E শ্রেণীতে বর্ণিত শর্তাবলির আলোকে ভিসা প্রদান ও মেয়াদ বৃদ্ধি করা যাবে।

২১। ভিন্নরূপ কারণ ব্যতিত SPOUSE বা নির্ভরশীল/ সফরসঙ্গী সমমেয়াদী ভিসা প্রদানের ক্ষেত্রে মুল ভিসা গ্রহণকারীর অনুরূপ সুবিধা (যেমন ভ্রমণের সংখ্যা) প্রাপ্ত হবেন।

২২। বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে আগমনকারী বিদেশীদের পুলিশের শাখায় রেজিষ্ট্রেশন করতে হবে।

২৩। ভিসা সংক্রান্ত যে কোন বিষয়ে যুগ্নসচিব (রাজনৈতিক), স্বরাষ্ট্র মন্ত্রণালয় FOCAL POINT হিসেবে কাজ করবে।

২৪। যেহেতু নতুন ভিসা নীতিমালা দেশে ও বিদেশে বহুল প্রচারিত হয়নি সেহেতু কর্মানুমতি প্রক্রিয়াধীন অবস্থায় ভিসার মেয়াদ উর্ত্তীণের ফলে জরিমানা আরোপ, বাংলাদেশী বংশোদ্ভূত নাগরিকদের ভিসার শ্রেণীর পরিবর্তনসহ মেয়াদ বৃদ্ধি এবং কতিপয় শ্রেণীতে কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের শর্তারোপ প্রভৃতি বিষয়গুলো একটি সরকারী বিজ্ঞপ্তি জারীর তারিখ থেকে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে পুরাতন নীতিমালা অনুযায়ী নিস্পত্তি করতে হবে। এ বিষয়ে বহুল প্রচার ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বিজ্ঞপ্তি জারী করবে।

২৫। চাকরী বা বিনিয়োগ বা ব্যবসায় বা শিক্ষার উদ্দেশ্যে আগত বিদেশী ভিসা সংক্রান্ত কোন তথ্য গোপন করলে বা কোন শর্ত ভঙ্গ করলে নিয়োগকারী/সুপারিশকারী/স্পন্সর প্রদানকারী প্রত্যেক প্রতিষ্ঠানকে প্রথমবার ১০,০০০(দশ হাজার) টাকা এবং দ্বিতীয়বার এরূপ অঘটনের জন্য ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত জরিমানা ধার্য এবং আদায় করতে হবে।

২৬। ক) পর্যটনের উদ্দেশ্যে সার্কভুক্ত দেশ ব্যতিত অন্য কোন দেশ হতে আগত কোন বিদেশী পার্শ্ববর্তী কোন দেশ ভ্রমণ শেষে বাংলাদেশে পুনরায় আগমন করতে চাইলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর re-entry সহ ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

খ) ভিসা নিষিদ্ধ তালিকা বহির্ভূত দেশের কোন বিদেশী নাগরিক তৃতীয় কোন দেশ হতে পর্যটনের উদ্দেশ্যে বাংলাদেশে আগমন করতে চাইলে সেই দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস/মিশন তাকে "T" শ্রেণীর ভিসা প্রদান করতে পারবে।

গ) FEI শ্রেণীতে আগতের পাসপোর্ট "employment in Bangladesh paid or unpaid prohibited সম্পর্কিত সীল প্রদান করতে হবে।

ঘ) ভিসানীতির অবশ্যপালনীয় শর্তাবলীর ১০ নম্বর শর্ত নিম্নলিখিতভাবে সংশোধিত ও প্রতিস্থাপিত হবেঃ
"যে সকল ভিসা প্রার্থীর কার্যানুমতির এবং/অথবা নিরাপত্তা ছাড়পত্র প্রক্রিয়াধীন আছে তাঁদের ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিজ সন্তুষ্টিক্রমে প্রয়োজনে বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ৩(তিন) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে"।

২৭। যে সব ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠার সরকার কর্তৃক স্বীকৃত নয় সেসব প্রতিষ্ঠানে অধ্যায়নের জন্য আগত বিদেশী ছাত্র/ছাত্রীদেও ভিসা প্রদানের কোন সুযোগ নাই।

স্বাক্ষরিত-০৪/০৪/২০০৭
(মোঃ মজিবুর রহমান)
যুগ্ম-সচিব (রাজনৈতিক)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

নং-স্বঃ মঃ (বহি-২)/১ পি-৭/২০০৬/৫১৫ তারিখ ঃ ০৪ এপ্রিল ২০০৭

পরিপত্র

বিষয় ঃ বাংলাদেশে আগত বিদেশী নাগরিকদের অবৈধ অবস্থান নিয়মিত করণের পদ্ধতি।

সূত্র ঃ নং স্বঃ মঃ (বহি-২)/ ১ পি-৭/২০০৬ / ২৮৮২, তারিখ ঃ ১৯ অক্টোবর ২০০৬ ।

উপযুক্ত সূত্রে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্রটি নিম্নরূপ সংশোধন ও পরিবর্তন করা হলঃ

২। বাংলাদেশে আগমনকারী বিদেশী নাগরিকদের অবৈধ অবস্থান নিয়মিত করনের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিদ্যমান নির্দেশাবলী সংশোধন পূর্বক নিন্মোক্ত পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) বাংলাদেশে বৈধ ভিসায় আগত বিদেশী নাগরিকদের অবৈধ অবস্থানের জন্য নিম্নোক্ত হারে জরিমানা আদায় সাপেক্ষে অবৈধ অবস্থান নিয়মিত করা যাবেঃ

(i) অবৈধ অবস্থানের প্রথম ১৫ (পনর) দিনের ক্ষেত্রে প্রতিদিনের জন্য বাংলাদেশী মুদ্রায় ২০০/- (দুইশত) টাকা হারে এবং

(ii) অবৈধ অবস্থানের মেয়াদ ১৫ (পনের) দিনের অতিরিক্ত হলে ৯০ (নব্বই) দিন পর্যন্ত প্রতিদিন ৫০০(পাঁচশত) টাকা হারে।

(iii) তবে প্রতি মাসে সর্ব্বোচ ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং ৯০ দিন পর্যন্ত সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ধার্য্য করা যাবে।

(খ) বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিক/ বাংলাদেশী নাগরিকের বিদেশী স্বামী/ স্ত্রী ও সন্তানদের অবৈধ অবস্থানের জরিমানা মওকুফ করা যাবে।

(গ) অধ্যয়নরত বিদেশী ছাত্র/ ছাত্রীদের ৩(তিন) মাস পর্যন্ত অবৈধ অবস্থানের জরিমানা মওকুফ করা যাবে। তবে অবৈধ অবস্থান ৩ (তিন) মাসের অধিক হলে সর্ব্বোচ ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আদায় করা যাবে।

(ঘ) অবৈধ অবস্থানের মেয়াদ ৯০(নব্বই) দিনের অতিরিক্ত হলে সংশ্লিষ্ট বিদেশী নাগরিকদের বিরুদ্ধে ফরেনার্স এ্যাক্টের (১৯৪৬ সনের ৩১ নং আইন) আওতায় সংশ্লিষ্ট আদালতে মামলা করা যেতে পারে। এই আদেশ বলে মামলা রুজু করার জন্য অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

০৩। অবৈধ অবস্থানের জন্য ধার্য্যকৃত জরিমানা মওকুফের বিষয়টি বিবেচনা প্রয়োজন হলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিম্নোক্ত ক্ষেত্রে মতামতসহ প্রস্তাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করতে পারবে ঃ

(ক) শারীরিক অসুস্থতা শারীরিক অসুস্থতার কারনে অবৈধ হলে সংশ্লিষ্ট সিভিল সার্জন অথবা অধ্যাপক/সহযোগি অধ্যাপক কর্তৃক প্রদত্ত চিকিৎসা সনদের ভিত্তিতে উক্ত জরিমানা মওকুফের জন্য পেশকৃত আবেদন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর যথাযথভাবে পরীক্ষা করে উপযুক্ত সুপারিশসহ তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে অসুস্থতার জন্য অবৈধ অবস্থান ৫(পাঁচ) দিনের অতিরিক্ত হলে হাসপাতালে ভর্তি আছে/হয়েছিল মর্মে হাসপাতাল কর্তৃপক্ষের সার্টিফিকেট জমা প্রদান করতে হবে।

(খ) অন্যান্য কারণঃ অন্য কোন যুক্তি সংগত কারনে অবস্থান অবৈধ হয়ে থাকলে তার সুস্পষ্ট যুক্তি সংগত ও গ্রহণযোগ্য কারন এবং বিস্তারিত ব্যাখ্যাসহ প্রদেয় জরিমানা মওকুফের আবেদন উক্ত অধিদপ্তর উপযুক্ত সুপারিশসহ সরকারের বিবেচনার জন্য প্রেরন করতে পারবে।

(গ) বর্ণিত সুপারিশ সমূহ মহাপরিচালক অথবা পরিচালক এর স্বাক্ষরে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত অবৈধ অবস্থানের জন্য সংশ্লিষ্ট পাসর্পোটধারী বিমান/স্থল বন্দরে বহিরামন ও পাসর্পোট অধিদপ্তর/ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট উপস্থিত হয়ে আদায়যোগ্য জরিমানা, সার্ভিস চার্জ ও ভিসা ফি পরিশোধ করে বাংলাদেশ ত্যাগ করতে পারবেন। তবে জরিমানা, সার্ভিস চার্জ ও ভিসা ফি বাবদ অর্থ নগদে গ্রহণ করা যাবে না। বাংলাদেশ সরকারের তফশিলী ব্যাংকে নির্ধারিত কোড নম্বরে উক্ত অর্থ জমা প্রদানপূর্বক জমার রশিদ উপস্থাপন করলে সংশ্লিষ্ট পাসর্পোটধারীকে বাংলাদেশ ত্যাগ করার অনুমতি প্রদান করা যাবে।

৫।	অনিবার্য কারণে যেমন ঃ প্রাকৃতিক দূর্যোগ, দূর্ঘটনা, ফ্লাইট বাতিল, ইত্যাদি কারণে কেউ অবৈধ অবস্থান করলে তার অবস্থানের মেয়াদ অবৈধ বলে গন্য হবে না।

৬।	এ পরিপত্র কার্যকর হওয়ার পর ইতোঃপূর্বে এ বিষয়ে জারীকৃত সকল পরিপত্র/স্মারকপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৭।	এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর/০৪/০৪/০৭
(মোঃ মোজিবুর রহমান)
যুগ্মসচিব (রাজনৈতিক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

নং-স্বঃ মঃ (বহি-২/১পি-৭/২০০৬/১৪৩৪,	তারিখ ঃ ১৯ আগষ্ট ২০০৭।

বিষয়ঃ	**<u>বিনা ভিসায় আগতদের Visa on arrival/landing permit প্রদান প্রসঙ্গে।</u>**

সূত্রঃ	১) স্ব ঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮১, তারিখ ১৯ অক্টোবর ২০০৬
২) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫০৬, তারিখ ৪ এপ্রিল ২০০৭

উপর্যুক্ত সূত্রদ্বয়ে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হ'ল ঃ

২।	বাংলাদেশে বিদেশী পুঁজি ও প্রযুক্তি আকৃষ্টকরণ, ব্যবসা-বাণিজ্যের প্রসার ও পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে বিদেশীদের এবং বাংলাদেশী বংশোদ্ভূতদের এদেশে আগমন ও অবস্থান সহজতর করার নিমিত্তে সরকার Visa on arrival/landing permit প্রদনের সিদ্ধান্ত গ্রহন করেছে। Visa restricted দেশ ব্যতীত অন্যান্য দেশ হতে আগতদের জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে নিম্নোক্ত শ্রেণীর পাসপোর্টধারীদের বর্ণিত শর্তে সম্পূর্ণ সন্তুষ্ট হয়ে বহু ভ্রমন সুবিধা ব্যতীত সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের প্রবেশ ভিসা প্রদান করতে পারবেঃ

ক)	যে সকল দেশে বাংলাদেশ দূতাবাস নেই, শুধুমাত্র সে সকল দেশ হতে আগত নাগরিকের ভ্রমনের উপযুক্ততা যাচাই অন্তে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে। তবে Visa restricted দেশের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি প্রয়োজন হবে।

খ) কোন বিদেশী তার নিজ দেশ ব্যতীত অন্য কোন দেশ, যেখানে বাংলাদেশ দুতাবাস নেই, সে দেশ হতে বাংলাদেশে আগমন করলে ভ্রমনের উপযুক্ততা যাচাই করে তাকে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে।

গ) যে কোনা দেশের বিনিয়োগকারী/ব্যবসায়ীদের ক্ষেত্রে আমন্ত্রণকারী প্রতিষ্ঠানের আমন্ত্রনপত্র এবং বিনিয়োগ বোর্ড/বেপজার প্রত্যয়ণ পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ভিত্তিতে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে। তবে, আমন্ত্রণকারী প্রতিষ্ঠানের বিদেশী ব্যক্তির আগমনের বিয়ষটি স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ইমিগ্রেশন কর্তৃপক্ষকে পূর্বেই অবহিত করতে হবে।

ঘ) যে সকল দেশে দূতাবাস/মিশন নেই তাইওয়ানসহ এরূপ দেশ থেকে আগত বিনিয়োগকারী ও তাদের নির্ভরশীল পরিবারের সদস্যদের বিমানবন্দরে PI/FPI শ্রেণীতে ৩ (তিন) মাসের বহুভ্রমনসহ আগমনী ভিসা Visa on arrival VOA প্রদান করবে। উক্ত ব্যক্তিকে বাংলাদেশে আগমনের ৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট সংস্থা হতে কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্র সংগ্রহ করতে হবে।

ঙ) বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক, তাদের স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাংলাদেশী বংশোদ্ভূতের বাংলাদেশী নাগরিকত্ব সনদ/প্রমানপত্রের ভিত্তিতে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে।

চ) বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও তাদের অংগ সংগঠনের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/আগমন সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে।

০৩। Transit visa on arrival: "Next Connecting Flight" পাওয়ার জন্য সংশ্লিষ্ট যাত্রী বহনকারী এয়ারলাইন্স এর অনুরোধে ইমিগ্রেশন কর্তৃপক্ষ সর্বোচ্চ ৭ (সাত) দিন পর্যন্ত Transit visa on arrival দিতে পারবে। এ জন্য সার্ভিস চার্জ হিসেবে মাথাপিছু ২০ (বিশ) ডলার নির্ধারিত ব্যাংকে ও নির্ধারিত হিসেবে জমা দিতে হবে।

০৪। Visa on arrival/landing permit প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

ক) বৈদেশিক মুদ্রায় (ডলার/পাউন্ড/ইউরো) ভিসা ফি প্রদান করতে হবে।

খ) সরকারী কাজ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে আগত বিদেশীর নিকট ন্যূনতম ৫০০ (পাচশত) মার্কিন ডলার/সমপরিমান বৈদেশিক মুদ্রা নগদ/ক্রেডিটকার্ডে থাকতে হবে।

গ) দীর্ঘ মেয়াদে আগমনকারী ব্যতীত অন্যান্য আগমনকারীর নিকট ফিরতি বিমান টিকেট থাকতে হবে।

ঘ) আগমনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র থাকতে হবে

ঙ) যেসব দেশের ক্ষেত্রে ভিসা ফি প্রযোজ্য নয় সেসব দেশের পাসপোর্টধারীদের ক্ষেত্রে Visa on arrival/landing permit এর জন্য ফি প্রযোজ্য হবে না।

চ) বিমান বন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষ Visa on arrival/landing permit এ আগত বিদেশীদের পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্তে একটি মাসিক বিবরণী স্বরাষ্ট মন্ত্রণালয় এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে ।

০৫। আগমনের উদ্দেশ্যে নিশ্চিত হয়ে Visa on arrival/landing permit প্রদান করতে হবে। তবে বিদেশী সামরিক ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে ।

০৬। Visa on arrival/landing permit এ আগত বিদেশীদের ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে ভিসা নীতিমালা অনুসরণ করতে হবে ।

০৭। Visa on arrival/landing permit প্রাপ্তদের পাসপোর্টে বিমানবন্দরে কর্তব্যরত ইমিগ্রেশন কর্তৃপক্ষ যথানিয়মে আগমন ও প্রস্থান সীল প্রদান করবে ।

০৮। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে Visa on arrival/landing permit প্রদান সংক্রান্ত জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে ।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

(শেখ আব্দুর রউফ)
উপসচিব (বহিরাগমন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

নং- স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫, তারিখঃ ১৯ আগস্ট ২০০৭ ।

পরিপত্র

বিষয়ঃ **পাসপোর্টে "No Visa Required for Travel of Bangladesh" সীল প্রদান প্রসংগে ।**

সূত্রঃ ১) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮০, তারিখঃ ১৯ অক্টোবর ২০০৬
২) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১৪, তারিখঃ ০৪ এপ্রিল ২০০৭ ।

উপর্যুক্ত সূত্রদ্বয়ে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হ'লঃ

০২। বাংলাদেশী বংশোদ্ভুত, সার্কভুক্ত দেশসমূহ ব্যতীত, বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তি ও তাঁদের স্ত্রী/সন্তানদের এবং বাংলাদেশী নাগরিকের বিদেশী স্ত্রী ও তাঁদের সন্তানদের বাংলাদেশে আগমন ও অবস্থান সহজতর করার জন্য তাঁদের বিদেশী পাসপোর্টে "No Visa Required for Travel of Bangladesh" সীল প্রদান করা যাবে। নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর উপরোল্লিখিত ব্যক্তিদের বিদেশী পাসপোর্টে "No Visa Required for Travel of Bangladesh" সীল প্রদান করবেঃ

০৩। শর্তাদি:-

ছ) বাংলাদেশী বংশোদ্ভুত ব্যক্তির ক্ষেত্রেঃ

- দ্বৈত নাগরিকত্ব সনদপত্র, অথবা
- বৈধ বাংলাদেশী পাসপোর্ট, অথবা
- বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বেকার বাংলাদেশী পাসপোর্ট/ ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্মসংক্রান্ত/নাগরিকত্বের প্রত্যয়নপত্র এবং পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

ঙ) আদিসূত্রে বাংলাদেশী এবং বর্তমানে বিদেশী নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তির বিদেশী স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রেঃ

- পিতা/মাতা/স্বামীর বৈধ বাংলাদেশী পাসপোর্ট/দ্বৈত নাগরিকত্বের সনদ অথবা বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বেকার পিতা/মাতা/স্বামীর বাংলাদেশী পাসপোর্ট/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/স্বামীর জন্মসংক্রান্ত/নাগরিকত্বের প্রত্যয়নপত্র, এবং
- পিতা/মাতা/স্বামী কর্তৃক স্ত্রী/সন্তান মর্মে প্রদত্ত হলফ নামা এবং
- পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

চ) বাংলাদেশী নাগরিকের বিদেশী স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রেঃ

- পিতা/মাতা/স্বামীর বাংলাদেশী পাসপোর্ট অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্মসংক্রান্ত/নাগরিকত্বের সনদপত্র, এবং
- বিবাহের সনদপত্র (স্ত্রীর ক্ষেত্রে), এবং
- পিতা/মাতা/স্বামী কর্তৃক বিদেশী স্ত্রী/সন্তানদের অনুকূলে প্রদত্ত হলফনামা এবং
- পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন

ছ) ইউরোপ, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ডে নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশীদের বিদেশী পাসপোর্টে "No Visa Required for Travel of Bangladesh" গ্রহণের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না। তবে আবেদনকারীর বাংলাদেশী নাগরিকত্ব প্রমানের জন্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে শিক্ষাগত সনদপত্র/বাংলাদেশী পাসপোর্ট/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

০৪। ৩ (ঘ) এ বর্ণিত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের সংশ্লিষ্ট দূতাবাস থেকে তদন্তের জন্য প্রাপ্ত আবেদন পত্রটির উপর ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে পুলিশ বিশেষ শাখা তদন্ত কাজ সম্পন্নপূর্বক প্রতিবেদন দাখিল করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন না পাওয়া গেলে সংশ্লিষ্ট সংস্থার কোন আপত্তি নেই মর্মে ধরে নেয়া হবে।

০৫। দ্বৈত নাগরিকত্ব গ্রহণ ব্যতীত বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকগণ বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করতে পারবেন না।

০৬। পাসপোর্টের মেয়াদ যতদিন থাকবে "No Visa Required for Travel of Bangladesh" সুবিধা তঁতদিন বহাল থাকবে এবং পাসপোর্ট বাতিল হলে উক্ত সুবিধাও বাতিল বলে গণ্য হবে। বিদ্যমান "No Visa Required for Travel of Bangladesh" সীল নতুন পাসপোর্টে স্থানান্তরের ক্ষেত্রে মাথাপিছু ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার অথবা সমপরিমান অর্থ ফি বাবদ প্রদান করতে হবে।

০৭। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে "No Visa Required for Travel of Bangladesh" সংক্রান্তে জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শেখ আব্দুর রউফ)
উপ-সচিব (বহিরাগমন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

নং- স্বঃমঃ(বহি-২)/জি. পররাষ্ট্র-২/২০০৭/১৪৩৭, তারিখঃ ২০ আগস্ট ২০০৭।

পরিপত্র

বিষয়ঃ লিবিয়ার ব্যবসায়ী, বিনিয়োগকারী, জনশক্তি আমদানীকারক ও শিক্ষার্থীদের জন্য ভিসা সহজীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশের সার্বিক ব্যবসা-বাণিজ্যের প্রসার, বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট এবং বিদেশে ব্যাপক জনশক্তি রপ্তানীর বিষয়টি গুরত্বসহ বিবেচনা করে লিবিয়ার ব্যবসায়ী, বিনিয়োগকারী, জনশক্তি আমদানীকারক এবং শিক্ষার্থীদের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

ক) লিবিযায় বিনিয়োগকারী, ব্যবসায়ী, জনশক্তি আমদানীকারক ও শিক্ষার্থীদের ভিসানীতি ২০০৬ এর আলোকে বাংলাদূত ত্রিপলী ভিসা প্রদান করবে;

খ) জনশক্তি আমদানীকারকদের বাংলাদেশে আগমনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের লেবার উইং এর অনাপত্তি গ্রহণ করতে হবে;

গ) উল্লেখিত শ্রেণীতে আগতদের ভিসার মেয়াদ ৯০ (নব্বই) দিন বা তার অধিক হলে ঢাকা বিমান বন্দরে ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট রেজিস্ট্রেশন করতে হবে;

ঘ) উল্লেখিত শ্রেণীতে ভিসা প্রার্থীদের বিষয়ে কোন সন্দেহের উদ্রেক হলে কেবল তাদের ভিসা প্রদানের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে; এবং

ঙ) 'ক' তে উল্লেখিত শ্রেণী ব্যতীত অন্যান্য শ্রেণীতে ভিসা প্রদানের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে ।

০২ । এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

(শাহানা সারমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৭১৬৮৬৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

নং-স্বঃ মঃ (বহি-২/১পি-৭/২০০৬/১৫৩০, তারিখ ঃ ১২ সেপ্টেম্বর ২০০৭ ।

বিষয়ঃ A1, FA2, FA3, B, C, FE, FJ, M, FM, FN, FP, FPI, RR, S, FS, T, TF, T1 শ্রেণীর ভিসা প্রদানকালে ভিসা প্রার্থীর পাসপোর্টে "Employment in Bangladesh Paid or Unpaid Prohibited" সীল প্রদান প্রসঙ্গে ।

ভিসানীতি ২০০৬ (সংশোধিত) এর ৬ (ক) শর্তাবলীতে উল্লেখিত ভিসা শ্রেণীসমূহের ভিসা প্রদানে ক্ষেত্রে "Employment in Bangladesh paid or unpaid prohibited" সীল প্রদানের বিধান থাকা সত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, "B" শ্রেণীসহ অন্যান্য শ্রেণীসমূহে ভিসা গ্রহণ করে এদেশে আগমনের পর বহু বিদেশী নাগরিক কার্যানুমতি ব্যতীত বিভিন্ন কর্ম/পেশায় নিয়োজিত হচ্ছেন । অনেক সময় তাদের পাসপোর্টে সংশ্লিষ্ট সীলটিও প্রদান করা হচ্ছেনা ।

২ । এ ক্ষেত্রে ভিসানীতি ২০০৬ এর ৬ (ক) শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন এবং ভিসা প্রদানে সময় উক্ত সীলটি পাসপোর্টে প্রদান নিশ্চিত করার জন্য মিশনসমূহকে অনুরোধ করা হ'ল । এ দেশে আগমনের পর কোনো ব্যবসা প্রতিষ্ঠান/সংস্থাসমূহ যাতে "Employment in Bangladesh paid or unpaid prohibited" সীল সম্বলিত কোন পাসপোর্টধারীকের কোন প্রকার কর্মে নিয়োজিত না করেন তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল ।

(শাহানা সারমীন)
সিনিয়র সহকারী সচিব

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্রমন্ত্রণালয়
বহিগমন শাখা-২

তারিখ- ৩০ ডিসেম্বর

স্বঃ মঃ (বহি-২)/১-পি-৭/২০০৮/১০৪৬

পরিপত্র

বিষয়ঃ বিনা ভিসার আগতদের আগমনী ভিসা (Visa on arrival) প্রদান।

সুত্রঃ ১) নং- স্বঃ মঃ (বহি-২)/১ পি-/২০০৬/২৮৮১, তারিখ ঃ১৯ অক্টোবর ২০০৬
২) নং- স্বঃ মঃ(বহি-২)/১ পি-/২০০৬/৫১৬, তারিখঃ ৪ এপ্রিল ২০০৭
৩) নং- স্বঃ মঃ(বহি-২)/১ পি-/২০০৬/১৪৩৪, তারিখঃ ১৯ আগষ্ট ২০০৭

উপর্যুক্ত বিষয়ে বর্নিত পরিপত্র পর্যালোনাক্রমে সরকার বাংলাদেশে বিদেশী পুঁজি ও প্রযুক্তি আকৃষ্টকরণ, ব্যবসা-বানিজ্যের প্রসার ও পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশীসহ বিদেশী নাগরিকদের এদশে আগমন ও অবস্থান সহজতর করার নিমিত্তে আগমনী ভিসা (Visa on arrival) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ভিসা প্রদানে নিয়ন্ত্রন আরোপিত (Visa retricted) দেশসমূহ যথাঃ ইরাক, আফগানিস্থান, সুদান ও আলজিরিয়া ব্যতীত অন্যান্য দেশ হতে আগতদের আর্ন্তজাতিক বিমান বন্দর ও স্থলবন্দর সমূহের ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষাতেন্ত নিম্নোক্ত শ্রেনীর পাসপোর্টধারীদের বর্নিত শর্তে সম্পূর্ণ সমর্থ হয়ে বহুভ্রমন সুবিধা ব্যতীত সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের আগমনী ভিসা (Visa on arrival) প্রদান করতে পারবেঃ

ক) যে সকল দেশে বাংলাদেশ দূতাবাস নেই, শুধুমাত্র যে সকল দেশ হতে আগত নাগরিকদের ভ্রমণের উপযুক্ততা যাচাইঅন্তে আগমনী ভিসা প্রদান করা যেতে পারে।

খ) যে কোন দেশের বিনিয়োগকারী/ ব্যবসায়ীদের ক্ষেত্রে মন্ত্রণকারী প্রতিষ্ঠানের আমন্ত্রনপত্র এবং বিনিয়োগ বোর্ড/ বেপজার প্রতত্যয়ন পত্রের (যোজ্য ক্ষেত্রে) ভিত্তিতে আগমনী ভিষা প্রদান করা যেতে পারে। তবে, আমন্ত্রণকারী প্রতিষ্ঠানকে বিদেশী ব্যক্তির আগমনের বিষয়টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং ইমিগ্রেশন কর্তৃপক্ষকে পূর্বেই অবহিত করতে হবে।

গ) বাংলাদেশে কেবলমাত্র সরকারী কাজে, ব্যবসায়, বিনিয়োগ ও পর্যটনের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইটালী, জার্মানী, ফ্রান্স, স্পেন, নেদারল্যান্ড, ডেনমার্ক, সুইজারল্যান্ড, নরওয়ে, ফিনল্যান্ড, সুইডেন, রাশিয়া, জাপান, সিঙ্গাপুর,

মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কাতার, কুয়েত, ওমান, বাইরাইন, মিশর, তুরস্ক, ব্রুনাই, অস্ট্রেলিয়া, কানাডা, নিউজিল্যান্ড, লিসোথেনিয়া, লুক্সেমবার্গ, আইসল্যান্ড, আয়ারল্যান্ড, অস্ট্রিয়া, বেলজিয়াম, গ্রীস, সাইপ্রাস, পর্তুগাল, এবং পূর্ব ইউরোপের দেশসমূহ হতে আগতদের আর্ন্তজাতিক বিমান বন্দর ও স্থলবন্দরসমূহের ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সম্পূর্ন সন্তুষ্ট হয়ে আগমনী ভিসা প্রদান করতে পারবে।

ঘ) কোন বিদেশী তার নিজ দেশ ব্যতীত অন্য কোন দেশ, যেখানে বাংলাদেশ দূতাবাস নেই, সে দেশ হতে বাংলাদেশে আগমন করলে ভ্রমনের উপযুক্ততা যাচাই করে তাদের আগমনী ভিসা প্রদান করা যেতে পারে।

ঙ) বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক, তাদের স্বামী/ স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্টি বাংলাদেশী বংশোদ্ভুতের বাংলাদেশী নাগরিকত্ব সনদ/ প্রমানপত্রের ভিত্তিতে আগমনী ভিসা প্রদান করা যেতে পারে।

২। উপরোক্ত শ্রেনীতে আগমনী ভিসা নিয়ে আগত বিদেশীদের ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বিদ্যমান ভিসা নীতির আলোকে সংশ্লিষ্ট ভিসা শ্রেণীতে উল্লিখিত শর্তে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে। তবে বিনিয়োগকারীদের ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে এসবি ও এনএসআই এর প্রতিবেদন ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

৩। Next Connecting Flight পাওয়ার জন্য সংশ্লিষ্ট যাত্রী বহনকারী এয়ারলাইনস এর অনুরোধে ইমিগ্রেশন কর্তৃপক্ষ সর্বোচ্চ ৭ (সাত) দিন পর্যন্ত Transit visa on arrival দিতে পারবে। এ জন্য সার্ভিস চার্জ হিসাবে মাথাপিছু ২০ (বিশ) ডলার নির্ধারিত ব্যাংকে ও নির্ধারিত হিসাবে জমা দিতে হবে।

৪। আগমনী ভিসা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্নিত পদ্ধতি অনুসরন করতে হবেঃ

(ক) বৈদেশিক মুদ্রায় (ডলার/ পাউন্ড/ ইউরো) ভিসা ফি প্রদান করতে হবে;

(খ) সরকারী কাজ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে আগত (বিদেশীর নিকট ন্যূনতম ৫০০(পাঁচশত) মার্কিন ডলার/ সমপরিমান বৈদেশিক মুদ্রা নগদ /ক্রেডিটকার্ডে থাকতে হবে;

(গ) দীর্ঘ মেয়াদে আগমনকারী ব্যতীত অন্যান্য আগমনকারীর নিকট ফিরতি বিমান টিকেট থাকতে হবেঃ

(ঘ) আগমনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র থাকতে হবে;

(ঙ) যেসব দেশের নাগরিকদের জন্য ভিসা ফি প্রযোজ্য নয় সে সব দেশের পাসপোর্টধারীদের ক্ষেত্রে আগমনী ভিসা এর জন্য ফি প্রয়োজন হবেনা;

(চ) আগমনী ভিসায় (Visa on arrival) আগত বিদেশীদের পুনাংগ তথ্য সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থা সংগ্রহ করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং বিমান বন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষ এ সংক্রান্ত একটি মাসিক বিবরণী স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে প্রেরণ করবে; এবং

ছ) যে সকল দেশের সাথে পারস্পরিকতা (Reciprocity) বা চুক্তির ভিত্তিতে আগমনী ভিসা প্রদান করা হয় সেসব দেশ ব্যতীত অন্যান্য দেশের ক্ষেত্রে ভিসা ফি প্রযোজ্য হবে।

৫।	আগমনের উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হয়ে আগমনী ভিসা প্রদান করতে হবে। তবে বিদেশী সামরিক ও নিরাপত্ত বাহিনীর সদস্যদের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৬।	আগমনী ভিসা প্রাপ্তদের পাসপোর্ট বিমান বন্দরে কর্তব্যরত ইমিগ্রেশন কর্তৃপক্ষ যথানিয়মে আগমন ও প্রস্থান সীল প্রদান করবে।

৭।	এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে আগমনী ভিসা প্রস্থান সংক্রান্ত জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে

৮।	এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শেখ আব্দুর রউফ)
উপ-সচিব (বহিরাগমন)

To be Subsitute bearing same number & date

Most Immediate
Fax Message

Government of the People's Republic of Bangladesh
Ministry of Home Affairs
Immigration Section-II

No-MOHA (Immi-2)/M-9/2008/1029 Dated-24 December, 2008

Circular

From : Ministry of Home Affairs.

To : All Bangladesh Mission Abroad (Bangladoot)

Sub : Visa instruction For Bangladesh missions aboard with regard of visa foreign nationals intending to participate in Bishwa Ijtema to be held in Dhaka from 30 January 2008-1 Feruary-2009.

I. **Visa Category:** "TI''

II. **Duration of visa:** 45 days. if any member of Tablig Jamat wants to participate in Bishwa Ijtema and **three chillas** consecutively in Bangladesh he or She may be granted visa which may extend to 130 days as per visa rules.

Conditions:

a) Sending country's Tablig Jamat Markaz/ Jummadar shall give certificate to the effect that the applicant(s) is a/are genuine member(s) of the Tablig Jamat and that his/her/their antecedents are in order.
b) Bangladesh missions will examine all applications as certificate given by tabling Jamat Markaz/ Jammadar and satisfy themselves before granting.

III. Grant of third country visa:
Conditions:

a) No third country visa will be allowed except repeat except performing Hajj in KSA or immigrants and permanent residents in a third country. However persons of a third country already participating in Tablig Jamat Ijtema/ Chilla in UAE India, Pakistan. Kenya, Malaysia, KSA and intending participate in the Bishwa Ijtema in Dhaka may apply for Visa to Bangladesh missions Dubai. New Delhi, Karachi, Kualalampur, Nairobi and Jeddah respectively. the Said missions Shall Follow all the procedures stated above be ore granting visa to such applicants this is an exclusive instruction, UAE, Malaysia and KSA missions only.
b) However, Palestinian Muslims holding Israeli passports may be granted 45 days visa in a Separate paper under the condition 11(a) & (b) Form Bangladesh missions of the neighboring Country.

(Sk. Abdur Rouf)
Deputy Secretary (Immigration)